রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**রাজনৈতিক-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

**নং ৪৪.০০.০০০০.০৭৮.০৬.০৬২.১৮(অংশ-১)-২০**—International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর Section 8(1) এ প্রদত্ত ক্ষমতাবলে উক্ত Act এর Section 3-তে বর্ণিত অপরাধসমূহের তদন্ত পরিচালনার উদ্দেশ্যে গত ২৫ মার্চ, ২০১০ খ্রি. তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্বম(আইন-২)/তদন্তকারী-সংস্থা/১-৫/২০১০/১০১ নম্বর প্রজ্ঞাপন দ্বারা গঠিত ও গত ০৯ জানুয়ারি, ২০১১ খ্রি. তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্বম(আইন-২)/তদন্তকারী-সংস্থা/১-৫/২০১০(পার্ট-২)/২৩ নম্বর প্রজ্ঞাপন দ্বারা পুনর্গঠিত এবং পরবর্তীতে অত্র মন্ত্রণালয় হতে জারীকৃত অন্যান্য প্রজ্ঞাপনের মাধ্যমে অন্তর্ভুক্ত কর্মকর্তাসহ নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে সরকার নিম্নরূপভাবে তদন্তকারী সংস্থা পুনর্গঠন করল :

| ক্রঃ নং | নাম ও পদবি |
|---|---|
| ১. | জনাব এম. সানাউল হক, প্রাক্তন আইজিপি |
| ২. | জনাব আব্দুর রহিম, বিপিএম, প্রাক্তন অতিরিক্ত আইজিপি |
| ৩. | জনাব মোঃ মতিউর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (অবঃ) |
| ৪. | জনাব মোঃ ওবায়েদ উল্লাহ, বিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার (অবঃ) |
| ৫. | জনাব মোঃ আতাউর রহমান, বিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার, ডিএমপি, ঢাকা |
| ৬. | জনাব মোঃ শাহজাহান কবির, বিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার, ডিএমপি, ঢাকা |
| ৭. | জনাব মোঃ রুহুল আমিন, পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার, ১ এপিবিএন, ঢাকা |


**মূল্য :** টাকা ৪.০০

| ক্রঃ নং | নাম ও পদবি |
|---|---|
| ৮. | জনাব মোহাম্মদ আমিনুর রশিদ, পিপিএম, পুলিশ পরিদর্শক (নিঃ), ডিএমপি, ঢাকা |
| ৯. | জনাব মোঃ বদরুল আলম, পুলিশ পরিদর্শক (নিঃ), পিবিআই, ঢাকা |
| ১০. | জনাব আবদুল্লাহ আল মামুন, পুলিশ পরিদর্শক (নিঃ), সিআইডি, ঢাকা |

২। উক্ত তদন্তকারী সংস্থার কর্মকর্তাগণ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এ্যাক্টের অধীনে পরিচালিত বিচার অনুষ্ঠানের লক্ষ্যে তদন্তকার্য সম্পাদন ও ট্রাইব্যুনালের প্রসিকিউশনকে সহায়তা প্রদান করবেন।

৩। তদন্তকারী সংস্থার অন্তর্ভুক্ত যে সকল সদস্য বর্তমানে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত আছেন, তাঁরা প্রেষণে নিয়োজিত আছেন মর্মে গণ্য হবেন। যে সকল সদস্য বর্তমানে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত নন, তাঁরা যে পদ হতে অবসর গ্রহণ করেছেন এবং ঐ পদে যে মূল বেতন ও ভাতাদি আহরণ করেছেন, বর্তমানে তাঁরা অবসরকালীন আহরিত মূল বেতনের জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর করেস্পন্ডিং স্কেলে মূল বেতন ও ভাতাদি সাকুল্য হিসাবে প্রাপ্য হবেন। পরবর্তীতে নতুন বেতন স্কেল ঘোষিত হলে সেই মোতাবেক বেতন ভাতাদি প্রাপ্য হবেন। অন্যান্য প্রাপ্য সকল সুবিধাদি যথারীতি প্রাপ্য হবেন।

৪। তদন্তকারী সংস্থায় উল্লিখিত কর্মকর্তাগণের মধ্যে অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ যোগদানের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছর ০৬(ছয়) মাস পর্যন্ত উক্ত পদে বহাল থাকবেন। প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণ পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আন্তর্জাতিক তদন্তকারী সংস্থায় কর্মরত থাকবেন।

৫। তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠন, সংস্থাটিতে জনবল নিয়োগ, অন্তর্ভুক্তকরণ ও চুক্তিভিত্তিক নিয়োগের বিষয়ে ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপনসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd